গাংনীর করমদিতে ভুয়া দন্ত চিকিৎসকের ৫০ হাজার টাকা জরিমানা

মেহেরপুরের গাংনী উপজেলার করমদি বাজারে অভিযান চালিয়ে ইমদাদুল হক নামের এক ভুয়া দন্ত চিকিৎসককে ৫০ হাজার টাকা জরিমানা অনাদায়ে দুই মাসের কারাদন্ডাদেশ দিয়েছেন ভ্রাম্যমাণ আদালত।

রবিবার দুপুরে গাংনী উপজেলা সহকারি কমিশনার(ভুমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট নাজমুল আলম এ দণ্ডাদেশ দেন। ভ্রাম্যমাণ আদালতে দোষী প্রমাণিত হওয়ায় ভুয়া ডেন্টিস্ট ইমদাদুল হক কে ৫০ হাজার টাকা জরিমানা করা হয়। দন্ডিত এমদাদুল হক করমদি সরকার পাড়ার মৃত ইসমাইল হোসেনের ছেলে।

ভ্রাম্যমাণ আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট নাজমুল আলম জানান, ইমদাদুল হক দীর্ঘদিন ধরে করমদি বাজারে একটি দন্ত চিকিৎসালয় গড়ে তোলেন এবং বিভিন্ন মানুষের দাঁতের জটিল ও কঠিন রোগের চিকিৎসা দিচ্ছিলেন। তার সাইনবোর্ডে নামের পুর্বে ডেন্টিস্ট এবং পড়ে এমডি লেখা থাকায় তার প্রয়োজনীয় কাগজপত্র যাচাই করে বৈধ কোন কাগজপত্র দেখাতে পারেনি এমদাদুল হক। এবং বিএমডিসি কর্তৃক বিডিএস সংক্রান্ত কোন সার্টিফিকেট না থাকা সত্বেও তিনি তার কাগজপত্রে ডেন্টিস্ট লিখতেন। তিনি ভুয়া ডাক্তার হিসেবে প্রমাণীত হওয়ায় বাংলাদেশ মেডিকেল ডেন্টাল কাউন্সিল ২০১০ এর ২৯ ধারায় তাকে ৫০ হাজার টাকা জরিমানা করা হয়। অনাদায়ে দুই মাসের কারাদন্ডাদেশ প্রদান করা হয়।

অভিযানে র্যাব-৬ এর গাংনী ক্যাম্পের ক্যাম্প কমান্ডার এএসপি তারেক আনাম বান্নাসহ র্যাবসদস্যরা উপস্থিত ছিলেন।

গাংনীর সহড়াতলা গ্রামে এক ছাগীর ৬টি বাঁচ্চা প্রসব

এক ছাগলের ৬ টি বাঁচ্চা প্রসব করে এলাকায় চমক সৃষ্টি করেছে। বর্তমানে মা ছাগলটি ও তার ৬ টি বাচ্চা সুস্থ রয়েছে।

আজ সোমবার (২৩ জানুয়ারী) সকালে গাংনী উপজেলার ভারতীয় সীমান্তবর্তি সহড়াতলা গ্রামের স্কুল পাড়া এলাকায় এ ঘটনা ঘটে। ছাগলের মালিক সহড়াতলা গ্রামের স্কুল পাড়ার আমজাদ হোসেন।

আমজাদ হোসেন জানান, ছাগলটি এর আগে চারটা করে বাঁচ্চা প্রসব করেছে। ছাগলটির পেটে বাঁচ্চা আসার পর থেকেই তার পেটটি অস্বাভাবিক মোটা হয়েছে। তাকে সেভাবে যত্নও করা হয়েছে। আজ সকালে পরপর ৬ টি বাঁচ্চা প্রসব করে।

এদিকে,এক সাথে এক ছাগীর ৬ টি বাঁচ্চা প্রসব করায় তা দেখতে এলাকার মানুষ আমজাদ হোসেনের বাড়িতে ভীড় করছে।

গাংনীর গাড়াডোবে একজনকে কুপিয়ে জখম করার অভিযোগ

মেহেরপুরের গাংনী উপজেলার গাড়াডোব গ্রামে জমি সংক্রান্ত বিরোধের জেরে মোঃ আলাউদ্দিন (৫৫) নামের এক ব্যক্তিকে কুপিয়ে জখম করার অভিযোগ উঠেছে। আলাউদ্দিন একই গ্রামের মৃত আতাহার মিয়ার ছেলে।

গত মঙ্গলবার গাড়াডোব গ্রামে এ ঘটনা ঘটে। একই এলাকার রেজাউল ইসলামের ছেলে মোঃ ইমন আলী, মৃত সমসের আলীর ছেলে মোঃ রেজাউল ইসলাম, মৃত নুর মোহাম্মদের ছেলে মোঃ আঃ সালাম, মৃত রায়হান আলী শেখের ছেলে মোঃ আবুল কালাম, মৃত কিনার বক্সের ছেলে সালাম ও মোঃ হায়দার এর ছেলে মোঃ আমিনুল এর বিরুদ্ধে।

মামলার এজাহার সূত্রে জানা গেছে, রেজাউল ইসলামের সাথে জমিজামা ভাগ বন্টন মোতাবেক আলাউদ্দিন নিজ বাড়িতে বসবাস করছে। কিন্তু দীর্ঘদিন ধরে রেজাউল ইসলাম আলাউদ্দিনের বসত বাড়ির উঠানের উপর জোরপূর্বক ঘরবাড়ি নির্মাণের চেষ্টা করে যাচ্ছে। বিষয়টি নিয়ে স্থানীয় ভাবে মিমাংসা করার চেষ্টা করা হলেও তা সম্ভব হয়নি। এর সূত্র ধরেই গত ১৮ জানুয়ারি সকালে ইমন আলী ও রেজাউল ইসলাম আলাউদ্দিনের বাড়ির ভিতরে অনধীকার প্রবেশ করে জোরপূর্বক উঠান দখল করে সিমেন্টের পিলার দিয়ে ঘেরার চেষ্টা করে এসময় তাদেরকে বাধা দিতে গেলে রেজাউল ইসলামের হাতে থাকা দা দিয়ে আলাউদ্দিনকে কুপিয়ে রক্তাক্ত জখন করে। এসময় রেজাউল ইসলামের সঙ্গে থাকা লোকজন আলাউদ্দিনকে এলোপাথাড়ি পিটিয়ে গুরুত্বর আহত করে।

এসময় আলাউদ্দিনের চিৎকারে স্থানীয়রা ছুটে এলে হামলাকারীরা বাড়ির মেইন গেট ভাংচুর সহ বিভিন্ন হুমকি দিয়ে স্থান ত্যাগ করে। এসময় স্থানীয়রা আলাউদ্দিনকে উদ্ধার করে প্রথমে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যায়। পরে তাকে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স থেকে মেহেরপুর জেনারেল হাসপাতালে রেফার্ড করে। আলাউদ্দিনের হাতে ১০টি সেলাই দেওয়া হয়েছে। এই ঘটনায় গত বুধবার (১৯ জানুয়ারি) গাংনী থানায় একটি মামলা দায়ের করা হয়েছে। মামলা নং ১০।

মেহেরপুর নতুন ৮ জন করোনা আক্রান্ত

মেহেরপুরে এন্টিজেন টেস্টে নতুন ৮ জন করোনা আক্রান্ত হয়েছেন। এনিয়ে জেলায় ২৫ করোনা আক্রান্ত রোগী রয়েছেন। এর মধ্যে সদর উপজেলায় ১৫, মুজিবনগরে ৬ এবং গাংনীতে ৪ জন রয়েছেন।

জেলা স্বাস্থ্য বিভাগ থেকে এ তথ্য জানা গেছে, আজ শনিবার মেহেরপুর জেনারেল হাসপাতালে ১৬ জন এন্টিজেন টেস্টের নমুনা দিয়েছিলেন। এর মধ্যে ৮ জন পজিটিভ হয়েছে। । নতুন ৮ জন আক্রান্তের মধ্যে ৪ জন সদরের, ২ জন মুজিবনগরের এবং ২ জন গাংনীর ।

ভিন্ন সূত্রে পাওয়া আক্রান্তরা হলেন- মেহেরপুর শহরের কোর্টপাড়ার

তৌকির আহমেদ (১৮),মিয়া পাড়ার শহিদুল (৫৫), সদর উপজেলার আশরাফপুর গ্রামের শান্তনা খাতুন (২৫, হিজুলী গ্রামের ইমরান আহমেদ (৩০), মুজিবনগর উপজেলার দারিয়াপুর গ্রামের রিফাত হক (২৫), একই গ্রামের মমতাজ বেগম (৫২), গাংনী পৌর এলাকার শিশিরপাড়ার মিজানুর রহমান (৩৭), হোগলবাড়িয়া গ্রামের তানিয়া খাতুন (২১)।

গাংনীর বামন্দীতে ১২ কেজি গাঁজাসহ তিন মাদক কারবারী আটক

মেহেরপুরের গাংনী থানা পুলিশ মাদক বিরোধী অভিযান চালিয়ে ১২ কেজি গাঁজাসহ তিন মাদক কারবারীকে আটক করেছে।
আজ শনিবার (২২ জানুয়ারী) দুপুরের দিকে গাংনী উপজেলার বামুন্দি পুলিশ ক্যাম্পের উত্তর পাশে জনৈক আশরাফুল এর বাড়ির সামনে অভিযান চালিয়ে গাঁজাসহ তিন মাদক কারবারীকে আটক করেন।
আটকরা হলো, গাংনী উপজেলার খাঁসমহল পশ্চিমপাড়া এলাকার নজরুল ইসলামের ছেলে বানারুল ইসলাম(২৫), খাঁপাড়া এলাকার হিমা খাঁ’র ছেলে করিম খাঁ (৪০) ও কাথুলি গ্রামের বাজারপাড়া এলাকার জলিল উদ্দীনের ছেলে ফারুক হোসেন (২৬)।
গাংনী থানার অফিসার ইনচার্জ মোঃ আব্দুর রাজ্জাকের নেতৃত্বে বামন্দী পুলিশ ক্যাম্পের ইনচার্জ উপপরিদর্শক (এসআই নিঃ) শরীফ হাবিব সঙ্গীয়ফোর্সসহ অভিযান পরিচালনা করেন। আসামীদের বিরুদ্ধে মাদক দ্রব্য আইনে নিয়মিত মামলা রুজু করা হয়েছে।

কাথুলী ইউনিয়নে অতিদরিদ্রদের

কর্মসৃজন প্রকল্পের উদ্বোধন

মেহেরপুরের গাংনী উপজেলার কাথুলী ইউনিয়নে অতিদরিদ্রদের কর্মসৃজন প্রকল্পের কাজের উদ্বোধন করা হয়েছে।

আজ শনিবার সকালে প্রকল্প কাজের শুভ উদ্বোধন করেন কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ মিজানুর রহমান রানা।
এছাড়াও উপস্থিত ছিলেন ২ নং ওয়ার্ডের মেম্বর আবু হানিফ, কাথুলী ইউনিয়ন কৃষকলীগের সভাপতি রেজাউর রহমান, জিনারুল ইসলাম।

গাংনীর কাষ্টদহে প্রধানমন্ত্রীর উপহারের ঘরে উঠতে পারেনি ভূমিহীন তিন নারী

প্রভাবশালীদের মামলা জটিলতায় গাংনীর কাষ্টদহ গ্রামের ভূমিহীন তিন নারীর নামে বরাদ্দ দেয়া প্রধানমন্ত্রীর উপহারের তিনটি ঘর নির্মাণ কাজ প্রায় শেষ হলেও ঘরে উঠতে পারেনি ওই তিন নারী।

উপজেলার কাষ্টদহ গ্রামের ইসরাফ আলীর মেয়ে জরিনা ও আঙ্গুরা এবং একই গ্রামের পন্ডিত দাসের স্ত্রী লক্ষি দাসের নামে খাস জমিসহ তিনটি ঘর বরাদ্দের জন্য নির্বাচিত করা হয়।

স্থানীয় প্রভাবশালীদের মামলার জটে পড়ে ঘর তিনটির সিংহভাগ নির্মাণ কাজ সমাপ্ত হবার পর আর নির্মাণ কাজ সম্পন্ন করতে পারেননি উপজেলা প্রশাসন। তবে প্রশাসন বলছে, শীঘ্রই মামলাটি নিষ্পত্তি করে শতভাগ নির্মাণ কাজ করে সংশ্লিষ্ট পরিবারের কাছে হস্তান্তর করা হবে।

ষোলটাকা গ্রামের হবিবর রহমানের ছেলে আতিয়ার রহমান, মোখলেছুর রহমান ও আনিছুর রহমান এবং মতিয়ার রহমানের ছেলে মোস্তাফিজুর রহমান ও রিফাত আলী বাদী হয়ে উপজেলা নির্বাহী অফিসারকে প্রধান বিবাদী করে চার জনের নামে মোকাম গাংনী সহকারী জজ আদালত বরাবর একটি মামলা দায়ের করেন যার নং- দেং ৫৭/২০২১। মামলার আর্জিতে জমিটি খাস নয় এবং কাস্টদহ মৌজার সিএস ১৮৯ দাগের অর্ন্তভুক্ত।

ঘর নির্মাণ কাজ শুরুর সময় তারা কোন আপত্তি না জানালেও নির্মাণ কাজের শেষ সময়ে ওই জমিটির উপর মামলা দেন। বিজ্ঞ আদালতের নির্দেশেই ওই জমির উপরে নির্মান কাজ স্থগিত করেছেন উপজেলা

প্রশাসন।

এ ব্যাপারে উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম জানান, আদালতের নিষেধাজ্ঞা ও মামলা নিষ্পত্তি না হওয়ায় ওই জমিতে নির্মানাধিন ঘরের বাকি কাজ সমাপ্ত করণ ছাড়াও মাটি ভরাট করা সম্ভব হচ্ছে না। শীঘ্র মামলাটি নিষ্পত্তি করণ শেষে নির্মাণ কাজ সমাপ্ত করে সংশ্লিষ্ট ব্যক্তিদেরকে ঘর বুঝিয়ে দেয়া হবে।

গাংনীতে তৃণমূল মহিলা কর্মী সমাবেশ অনুষ্ঠিত

মেহেরপুর-২ আসনের জাতীয় সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন বলেছেন, জাতীর জনকের কন্য এই দেশটাকে একটি উন্নয়নের যায়গায় নিয়ে গেছেন।প্রতিটি ঘরে ঘরে বিদ্যুৎ পৌছে গেছে। বাড়ির পাশেই বয়ে গেছে পাকা রাস্তা। নারী পুরুষরা আজ কর্মমুখি হয়েছেন। মানুষ এখন একটি সুখময় পরিস্থিতিতে বসবাস করছেন। শান্তিপূর্ণ বাংলাদেশ আজ অর্থনীতি ও সমৃদ্ধির পথে এগিয়ে যাচ্ছে। এক সময় ছিল পুরুষ শাসিত সমাজ।এখন পুরুষ ও নারীর মধ্যে ভেদাভেদ নেই। এ সরকার ক্ষমতায় আসার পরে পুরুষের পাশাপাশি আজ নারীরা সমান ভাবে এগিয়ে যাচ্ছে।

বাংলাদেশ আওয়ামী লীগ তৃণমূল মহিলা সমাবেশ উপলক্ষে আয়োজিত কর্মী সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন এমপি মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন।

বাংলাদেশ আওয়ামী লীগ তৃণমূল মহিলা সমাবেশ উপলক্ষে গাংনী উপজেলা আ ওয়ামী লীগের উদ্যোগে এ কর্মী সমাবেশ উপজেলা নির্বাহী অফিসারের সম্মেলন কক্ষে গতকাল শুক্রবার বিকালে অনুষ্ঠিত হয়।

এ কর্মী সমাবেশে সভাপতিত্বে করেন গাংনী উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক গোলাম মোস্তফা।

সমাবেশে বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন গাংনী উপজেলা আওয়ামী ল

ীগের সাংগঠনিক সম্পাদক নজরুল ইসলাম ও

মনিরুজ্জামান মাষ্টার,
জেলা আওয়ামী লীগের মহিলা বিষয়ক সম্পাদিকা নুরজাহান বেগম।

অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন এমপি পত্নী লাইলা আরজুমান বানু শিলা, গাংনী উপজেলা যুব মহিলা লীগের সভাপতি ও মেহেরপুর জেলা পরিষদের সদস্য শাহানা ইসলাম শান্তনা, গাংনী উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান ও যুব মহিলা লীগের সাধারণ সম্পাদক ফারহানা ইয়াসমিন, আওয়ামী লীগের
বিশিষ্ট নেতা মনিরুজ্জামান আতু, গাংনী পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আনারুল ইসলাম বাবু, মেহেরপুর জেলা ছাত্রলীগের সাবেক সহসভাপতি সাহিদুজ্জামান শিপু, নারী নেত্রী ও মেহেরপুর জেলা পরিষদের সদস্যা গুলশানারা খাতুন। এসময় উপস্থিত ছিলেন যুব মহিলা লীগের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীবৃন্দ।

প্রধান অতিথির বক্তব্যে এমপি খোকন আরও বলেন, আমাদের দেশের প্রধান মন্ত্রী, বিরোধী দলীয় নেত্রী নারী,স্পিকার সকলেই নারী। বিচারপতি, পাইলট, প্রকৌশলী, ডিসি এসপি থেতে শুরু করে বড় বড় স্থানে নারীরা আজ তাদের যোগ্যতার স্বাক্ষর রাখছেন। নারীদের এসব সুযোগ সৃষ্টি করে দিয়েছেন প্রধান মন্ত্রী শেখ হাসিনা।

তিনি আরও বলেন, এই সমাজের অর্ধেকের বেশী এখন নারী। পুরুষ ভোটারের চেয়ে এখন নারী ভোটাররা অনেক বেশী। নারীদের সমাজে এগিয়ে যেতে হবে। তাদের উন্নয়ন ও অগ্রগতিতে এগিয়ে যেতে হবে। নিজেদের স্বাবলম্বী করতে হবে, এবং নিজেদের পরিবারকে স্বচ্ছল করে তুলতে দায়ীত্ব নিতে হবে। নারীদের রাজনৈতিক অধিকারও ছিনিয়ে নিতে হবে।

ঐক্যবদ্ধ হয়ে নারীদের কথা নারীদেরকেই বলতে হবে। নারীদের সংরক্ষিত মেম্বর বা এমপি হিসেবে নয় আপন মহিমায় নিজেদের যোগ্যতায় চেয়ারম্যান, মেম্বর হতে হবে।নির্বাচিত হতে হবে তাদের।যে সব নারী এলাকায় সমাজ সেবা মুলক কাজ করে তাদের নিয়ে আগামীতে একটি সমাবেশ করে কর্মকৌশল নেওয়া হবে বলে ঘোষণা দেন এমপি সাহিদুজ্জামান খোকন।তিনি বলেন নারীদের উন্নয়নে সরকার কাজ করছেন। তাই নারীদের দায়ীত্ব নিতে হবে সরকারের উন্নয়নমুলক কাজ গুলোকে সাধারণের মাঝে তুলে ধরার।

গাংনীর কাষ্টদহ সেবা সংঘের প্রতিষ্ঠাবার্ষিকী পালন ও শীতবস্ত্র বিতরণ

মেহেরপুরের গাংনীতে কাষ্টদহ সেবা সংঘের ৩য় প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন উপলক্ষে গ্রামের অসহায় শীতার্ত ও বয়স্ক ব্যক্তিদের মাঝে বিনামূল্যে শীতবস্ত্র বিতরণ করা হয়েছে।

আজ শুক্রবার দুপুরে ষোলটাকা ইউনিয়নের কাষ্টদহ সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গণে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

কাষ্টদহ সেবা সংঘের সভাপতি রাশিদুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন এমপি।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংগঠনের উপদেষ্টা পরিষদের প্রধান কাবিল উদ্দিন, সহকারী অধ্যাপক (ইংরেজি) ও সম্পাদক, শিক্ষক পরিষদ, মেহেরপুর সরকারি কলেজ।

এছাড়াও উপস্থিত ছিলেন গাংনী উপজেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক মনিরুজ্জামান মনি, গোলাম কিবরিয়া সাধারণ সম্পাদক ৬নং ষোলটাকা ইউনিয়ন পরিষদ, হাজী রফিকুল ইসলাম সভাপতি এবং আব্দুল মজিদ সাধারণ সম্পাদক ২নং ওয়ার্ড আওয়ামী লীগ। এছাড়াও উপস্থিত ছিলেন কাষ্টদহ সেবা সংঘের সহ সভাপতি সাহাফুল ইসলাম, সাধারণ সম্পাদক আজহারুল ইসলামসহ সংগঠনের অন্যান্য সদস্যগণ ও গ্রামের সকল স্তরের ব্যক্তিবর্গ।

অনুষ্ঠানে গ্রামের অসহায় শীতার্ত ১৫০টি পরিবারের মাঝে বিনামুল্যে শীতবস্ত্র বিতরণ করা হয়। উল্লেখ্য, প্রতিষ্ঠালগ্ন থেকেই কাষ্টদহ সেবা সংঘ গ্রামের অসহায় মানুষের জন্য কাজ করে যাচ্ছে। বিশেষ করে করোনা কালীন সময়ে গ্রামের অসহায় পরিবারের মাঝে বিভিন্ন ধরনের সহায়তা করেছে। এছাড়া বিভিন্ন প্রয়োজনে অসহায় রুগীদের চিকিৎসা সহায়তা এবং রক্ত দিয়ে সাধারণ মানুষের পাশে আছে। আগামীতেও অসহায়

মানুষের পাশে থেকে কাজ করে যাবেন বলে সংগঠনটির সদস্যরা জানান।

গাংনীর কল্যাণপুরে অগ্নিকান্ড ! ব্যাপক ক্ষয়ক্ষতি

মেহেরপুরের গাংনী উপজেলার তেঁতুলবাড়িয়া ইউনিয়নের কল্যাণপুর গ্রামে মধ্যরাতে অগ্নিকান্ডে ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে।
গত বৃহস্পতিবার দিবাগত রাত আনুমানিক ২ টার পর এ অগ্নিকাণ্ডের ঘটনা সংঘটিত হয়েছে বলে এলাকাবাসী সূত্রে জানা গেছে। অগ্নিকাণ্ডের ঘটনায় ২ টি পরিবারের প্রায় লক্ষাধিক টাকার মালামাল ভস্মীভূত হয়েছে বলে ভুক্তভোগী পরিবারের পক্ষ থেকে জানা গেছে।

কল্যাণপুর মন্ডলপাড়ার ভুক্তভোগী সফেতুল্লাহ জানান, রাত ৩ টার দিকে আমরা আগুন দেখতে পায়। এ অগ্নিকাণ্ডের ঘটনায় আমার বাড়ির রান্না ঘর ও পাশের বাড়ির মহসিন আলীর রান্না ঘরসহ টিন, কাঠ, পাট খড়ির পালা, কয়েকটি ব্যারেল, হাঁড়িপাতিলসহ রান্না ঘরের অন্যান্য সরন্জাম ভস্মীভূত হয়ে গেছে। ধারণা করা হচ্ছে, রান্না ঘরের চুলা থেকে অগ্নিকাণ্ডের সূত্রপাত ঘটতে পারে।

স্থানীয় ইউপি সদস্য কাওসার আলী জানান, অগ্নিকাণ্ডের ঘটনা শুনে দ্রুত গতিতে ঘটনাস্থলে উপস্থিত হয়ে স্হানীয় দের সঙ্গে নিয়ে আগুন নেভানোর চেষ্টা করি। কিন্তু আগুন নিয়ন্ত্রণে আনা সম্ভব না হওয়ায় তাৎক্ষণিক ভাবে নিকটস্থ বামুন্দী ফায়ার সার্ভিসকে খবর দেওয়া হয়। আগুনের তীব্রতা অনেক বেশি থাকায় ফায়ার সার্ভিসের সদস্যরা ঘটনাস্থলে পৌঁছানোর পূর্বেই সকল কিছু ভস্মীভূত হয়ে যায়। অগ্নিকাণ্ডের ঘটনায় দু’টি পরিবারের প্রায় লক্ষাধিক টাকার মালামাল ভস্মীভূত হয়েছে বলে ভুক্তভোগী পরিবারের সদস্যরা জানান।

বামুন্দী ফায়ার সার্ভিস স্টেশনের কর্মকর্তা ইসাহাক আলী জানান, আমরা উপস্থিত হবার পূর্বেই সকল কিছু পুড়ে ছায় হয়ে গেছে।

তেঁতুল বাড়িয়া ইউপি চেয়ারম্যান নাজমুল হুদা বিশ্বাস অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্থদের সহযোগিতার আশ্বাস দেন।